

বাংলা ট্রিবিউন

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নতুন সেমিস্টারের অনলাইন ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

ক্যাম্পাস রিপোর্ট

প্রকাশিত: জুলাই ১৪, ২০২০

সেমিস্টারের নবীন শিক্ষার্থীদের আনুষ্ঠানিকভাবে বরণ করেছে ব্র্যাক ইউনিভার্সিটি। কোভিড-১৯ মহামারীর কারণে শনিবার (১১ জুলাই) নতুন সেমিস্টারে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ওরিয়েন্টেশন আয়োজন করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। নবীন শিক্ষার্থী ও তাদের অভিভাবক, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-কর্মকর্তাবৃন্দ অনলাইনের এই ওরিয়েন্টেশন পর্ব উপভোগ করেন।



Inspiring Excellence

সকাল ৯টায় রেজিস্ট্রেশন পর্বের মধ্য দিয়ে নবাগত শিক্ষার্থীদের জন্য আয়োজিত পরিচিতিমূলক এই অনুষ্ঠান শুরু হয়। সূচনা সংগীতের পর ব্র্যাকের প্রতিষ্ঠাতা স্যার ফজলে হাসান আবেদ, কেসিএমজি এর জীবনের বিভিন্ন দিক ও অর্জন নিয়ে বিশেষ প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়।

সূচনা বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আবদুল্লাহ রুবায়েত চৌধুরী। ব্র্যাক ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগ, অফিস সম্পর্কে ধারণা ও শিক্ষার্থীদের করণীয় বিষয়ে দিক নির্দেশনামূলক বক্তব্য দেন তিনি। সকাল

১০টায় শিক্ষার্থীদের বরণ করে নেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ভিনসেন্ট চ্যাং।

তিনি বলেন, ‘বর্তমান অবস্থায় অনেক শিক্ষার্থীর জন্য পড়াশোনা শুরু করাটা কঠিন হবে। ব্র্যাক ইউনিভার্সিটির অনলাইন লার্নিং প্ল্যাটফর্ম ‘বিউএক্স’ এবং স্টুডেন্টস অ্যাসিস্টেন্ট ফাল্ডের সদ্ব্যবহারের মাধ্যমে অত্যন্ত সুচারু রূপে দূরবর্তী শিক্ষণ অভিজ্ঞতা লাভ করা যাবে বলে আমরা আশা করছি।’ করোনা মহামরীর এই কঠিন সময়ে সমস্যাগুলোকে সম্ভাবনায় পরিণত করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান তিনি।

নবীন শিক্ষার্থীদের সামনে ব্র্যাক ইউনিভার্সিটিতে পড়াকালে নিজের অভিজ্ঞতা ও প্রাপ্তির ঝুলি তুলে ধরেন অনুরূপানের বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী, গায়িকা ও অভিনয়শিল্পী রাফিয়াথ রশীদ মিথিলা ও সামিহা নুসরাত।

এর আগে, করোনা মহামারীতে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম যেন ব্যাহত না হয় সে জন্য ১৫ কোটি টাকার স্টুডেন্ট অ্যাসিস্টেন্ট ফাল্ড গঠন করেছে ব্র্যাক ইউনিভার্সিটি। এই তহবিল সেমিস্টারের মোট টিউশন ও ফি’র প্রায় ২৫

শতাংশ। □□□□□ □□□□□□□□ □□□□□□□□□□ □□□□□□ □□□□□□□□□□

□□□□□□□□□□ □□□□□ □□□□□□□□□□-□□□□□□ □□□□□□□□□□□□□□□□ □□□□

নামে বিশ্বমানের নিজস্ব অনলাইন লার্নিং প্ল্যাটফর্ম তৈরি করেছে ব্র্যাক ইউনিভার্সিটি। ‘বিইউএক্স’